



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

শারদীয় দুর্গোৎসব উপলক্ষে

সিটি মেয়রের বাণী

চট্টগ্রাম- ১৮ অক্টোবর ২০১৮

শারদীয় দুর্গোৎসব উপলক্ষে সনাতন ধর্মাবলম্বীদের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন। তিনি আজ বৃহস্পতিবার এক বাণীতে বলেন, শারদীয় দুর্গোৎসব ধর্মীয় গন্ডি পেরিয়ে সর্বজনীনতায় রূপ পেয়েছে। এই উৎসব সাম্প্রদায়িক সম্প্রীতির মাধ্যমে বাঙালির হাজার বছরের ঐতিহ্যকে তুলে ধরে। তৈরি হয় সামাজিক মেলবন্ধন। এই মেলবন্ধন দলমত নির্বিশেষে সকলকে অক্ষণ্ন রাখতে হবে। মেয়র এই উৎসব যাতে দেশ ও জাতির সমৃদ্ধি এবং কল্যাণ বয়ে আনে এই প্রত্যাশা করেন।

প্রতীমা নিরঞ্জন আগামীকাল

চট্টগ্রাম- ১৮ অক্টোবর ২০১৮

আগামীকাল শুক্রবার বিকেল ৩ টায় শারদীয় দুর্গোৎসবের বিজয়া দশমীর দিনে পতেঙ্গা সমুদ্র সৈকতে প্রতীমা নিরঞ্জন করা হবে। এ অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

সংগীত শিল্পী আইয়ুব বাচ্চুর

মৃত্যুতে সিটি মেয়রের শোক

চট্টগ্রাম- ১৮ অক্টোবর-২০১৮ ইংরেজী।

জনপ্রিয় সংগীত শিল্পী আইয়ুব বাচ্চুর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ. জ. ম. নাছির উদ্দীন। আজ বৃহস্পতিবার এক শোক বিবৃতিতে সিটি মেয়র বলেন, ‘মরহুম আইয়ুব বাচ্চু একাধারে গায়ক, লিডা গিটারিস্ট, গীতাকার, সুরকার ও প্লেব্যাক শিল্পী ছিলেন। তদুপরি তিনি এলআরবি ব্যান্ড দলের লিড গিটারিস্ট এবং ভোকাল বাচ্চু হিসেবে ব্যান্ড জগতে অত্যধিক পরিচিত। জনপ্রিয় এই সঙ্গীত ব্যক্তিত্ব চট্টগ্রামের সন্তান। এই বন্দরনগরীতেই তাঁর বেড়ে ওঠা। চট্টগ্রামবাসীর এই গর্বিত এই সন্তানের মৃত্যুতে জাতি একজন জনপ্রিয় মেধাবী সংগীত ব্যক্তিত্বকে হারাল। এই দেশ আরেকজন আইয়ুব বাচ্চু পাবে কিনা তাও সন্দেহ। তাই তার এই শূন্যতা কখনো পূরণ হওয়ার নয়। মেয়র মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন।

সংবাদদাতা

রফিকুল ইসলাম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন